গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কর কমিশনারের কার্যালয়
কর অঞ্চল- ময়মনসিংহ
"আদিবা আনোয়ার নিবাস" (৪র্থ তলা), ২২, অমৃত বাবু রোড, ময়মনসিংহ।

নথি নং- ০৫/কঅ-ম/শুদ্ধাচার/২০২১/২০২০-২০২১/ ৯৫৭ তারিখ: ৩০/০৫/২০২১ খ্রিঃ

**বিষয়ঃ জাতীয় রাজস্ব বোর্ডের নিয়ন্ত্রণাধীন কর অঞ্চল-ময়মনসিংহে কর্মরত কর্মকর্তা-কর্মচারীর শুদ্ধাচার চর্চার জন্য পুরস্কার প্রদান প্রসঙ্গে।**

সূত্র ঃ জাতীয় রাজস্ব বোর্ড ঢাকার স্মারক নম্বর ঃ ০৮.০১.০০০০.০১৯.৯৯.০০১.২০.১৯৪/১(২), তারিখঃ ২৯/০৩/২০২১

উপরোক্ত বিষয় ও সূত্রের প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করছি।

উপরোক্ত সূত্রের পরিপ্রেক্ষিতে জাতীয় রাজস্ব বোর্ডের নিয়ন্ত্রণাধীন কর অঞ্চল-ময়মনসিংহে কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের Criteria অনুযায়ী সৎ, দক্ষ, কর্মকর্তা/কর্মচারীর শুদ্ধাচার পুরস্কার প্রদানের বাছাই কমিটির সিদ্ধান্ত অনুযায়ী নিম্নলিখিত ১ (এক) জন কর্মকর্তা এবং ১ (এক) জন কর্মচারীর তালিকা আপনার অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে এতদসংঙ্গে প্রেরণ করা হলো।

**কর অঞ্চল-ময়মনসিংহে কর্মরত গ্রেড-৩ হতে গ্রেড-১০ ভূক্ত নিম্নলিখিত ১ (এক) জন কর্মকর্তাকে শুদ্ধাচার পুস্কারের জন্য নির্বাচিত করা হলো ঃ**

| ক্রমিক নং | কর্মকর্তার নাম | পদবী |
|---|---|---|
| ০১ | জনাব মোহাম্মদ আরিফুর রহমান পাহলোয়ান | কর পরিদর্শক<br>সার্কেল-০২(কোম্পানীজ)<br>কর অঞ্চল-ময়মনসিংহ। |

**কর অঞ্চল-ময়মনসিংহে কর্মরত গ্রেড-১১ হতে গ্রেড-২০ ভূক্ত নিম্নলিখিত ১ (এক) জন কর্মচারীকে শুদ্ধাচার পুস্কারের জন্য নির্বাচিত করা হলো ঃ**

| ক্রমিক নং | কর্মচারীদের নাম | পদবী |
|---|---|---|
| ০১ | জনাব জান্নাতুন নেছা | সাঁট-মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর<br>সার্কেল-২১(কিশোরগঞ্জ)<br>কর অঞ্চল-ময়মনসিংহ। |

**দ্বিতীয় সচিব (কর প্রশাসন-১)**
জাতীয় রাজস্ব বোর্ড, রাজস্ব ভবন
সেগুনবাগিচা, ঢাকা।

**(সুকুমার সেনগুপ্ত)**
কর কমিশনার (চ:দা:)
কর অঞ্চল-ময়মনসিংহ।
ফোন- ০৯১-৬৬১২৪(পি.এ)
e-mail : ctmymensingh@gmail.com

D:\Amdad document\Office adesh\Staff Adesh (29-11-2018) ARZU.docx

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কর কমিশনারের কার্যালয়
কর অঞ্চল- ময়মনসিংহ
"আদিবা আনোয়ার নিবাস" (৪র্থ তলা), ২২, অমৃত বাবু রোড, ময়মনসিংহ।

## সভার কার্যবিবরণী

সভার নাম : শুদ্ধাচার পুরস্কার প্রদান বিষয়ক বাছাই কমিটির সভা।
সভার স্থান : কর কমিশনারের কার্যালয়,
কর অঞ্চল-ময়মনসিংহ।
তারিখ : ১৫/০৩/২০২১ খ্রিঃ।
সময় : বিকাল ৩.০০ ঘটিকা।
আহবায়ক : জনাব সুকুমার সেনগুপ্ত, কর কমিশনার, কর অঞ্চল ময়মনসিংহ ও
আহবায়ক, শুদ্ধাচার পুরস্কার প্রদান বিষয়ক বাছাই কমিটি, কর অঞ্চল-ময়মনসিংহ।

১৫/০৩/২০২১খ্রিঃ তারিখ বিকাল ৩.০০ ঘটিকায় জনাব সুকুমার সেনগুপ্ত, কর কমিশনার কর অঞ্চল ময়মনসিংহ মহোদয়ের সভাপতিত্বে কর অঞ্চল ময়মনসিংহে কর্মকর্তা-কর্মচারীদের শুদ্ধাচার বিষয়ক বাছাই কমিটি ২০২০-২০২১ অর্থবছরের ১ম সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় শুদ্ধাচার পুরস্কার প্রদান বিষয়ক বাছাই কমিটির নিম্ন বর্ণিত সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন।

১। জনাব সুকুমার সেনগুপ্ত, কর কমিশনার, কর অঞ্চল ময়মনসিংহ,
আহবায়ক, শুদ্ধাচার পুরস্কার প্রদান বিষয়ক বাছাই কমিটি, কর অঞ্চল-ময়মনসিংহ।
২। জনাব কবীর উদ্দিন মোল্লা, অতিরিক্ত কর কমিশনার, পরিদর্শী রেঞ্জ-১, কর অঞ্চল-ময়মনসিংহ,
সদস্য, শুদ্ধাচার পুরস্কার প্রদান বিষয়ক বাছাই কমিটি, কর অঞ্চল-ময়মনসিংহ।
৩। জনাব মোহাম্মদ আব্দুল্লাহ, যুগ্ম কর কমিশনার, পরিদর্শী রেঞ্জ-২ ও ৪, কর অঞ্চল-ময়মনসিংহ,
সদস্য, শুদ্ধাচার পুরস্কার প্রদান বিষয়ক বাছাই কমিটি, কর অঞ্চল-ময়মনসিংহ।
৪। জনাব জয়নাল আবেদীন, সহকারী কর কমিশনার, সদর দপ্তর (প্রায়োগিক), কর অঞ্চল-ময়মনসিংহ,
সদস্য, শুদ্ধাচার পুরস্কার প্রদান বিষয়ক বাছাই কমিটি, কর অঞ্চল-ময়মনসিংহ।
৫। জনাব মোঃ শামীম আহম্মেদ, সহকারী কর কমিশনার, সদর দপ্তর (প্রশাসন), কর অঞ্চল-ময়মনসিংহ।
সদস্য সচিব, শুদ্ধাচার পুরস্কার প্রদান বিষয়ক বাছাই কমিটি, কর অঞ্চল-ময়মনসিংহ।
৬। জনাব মোঃ সালাহ্ উদ্দিন শাহ্, সহকারী প্রোগ্রামার, কর অঞ্চল-ময়মনসিংহ।
সদস্য, শুদ্ধাচার পুরস্কার প্রদান বিষয়ক বাছাই কমিটি, কর অঞ্চল-ময়মনসিংহ।
৭। জনাব মোঃ সাজেদুল করিম, কর পরিদর্শক, সার্কেল-১(কোম্পানীজ, কর অঞ্চল-ময়মনসিংহ।
সদস্য, শুদ্ধাচার পুরস্কার প্রদান বিষয়ক বাছাই কমিটি, কর অঞ্চল-ময়মনসিংহ।

শুরুতেই উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভাপতি মহোদয় সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর সভায় নিম্নোক্ত বিষয়াবলির উপর আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রমিক নং | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ০১ | শুদ্ধাচার প্রতিষ্ঠার ক্ষেত্রে অন্তরায় চিহ্নিতকরণ ও দূরীকরণে কার্যপরিকল্পনা প্রণয়ন। | ময়মনসিংহ কর অঞ্চলের কর্মকর্তা ও কর্মচারীদের শুদ্ধাচারের বিষয়ে সদস্যগণ আলোচনা করেন। ইতোমধ্যে কর্মকর্তা ও কর্মচারীদের মধ্যে সততা, আচারণ,রীতি-নীতি, শিষ্টাচার, সময়ানুবর্তিতা, দায়িত্ব সচেতনতা, পরিচ্ছন্নতাবোধ ও স্বাস্থ্যবিধি পালনে সচেতনতা সৃষ্টি হওয়ায় কমিটির সভাপতি ও সদস্যবৃন্দ সন্তোস প্রকাশ করেন। | শুদ্ধাচার প্রতিষ্ঠার ক্ষেত্রে অর্জিত সাফল্যের ধারাবাহিকতা সমুন্নত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | কর অঞ্চল ময়মনসিংহের কর্মকর্তাগণ। |
| ০২ | শুদ্ধাচার চর্চার জন্য পুরস্কার প্রদান সংক্রান্ত বিষয়াবলি। | ময়মনসিংহ কর অঞ্চলে শুদ্ধাচার প্রতিষ্ঠার ক্ষেত্রে অদ্যাবধি কোন অন্তরায় চিহ্নিত করা যায়নি বিধায় উহা দূরীকরণে কার্যপরিকল্পনা প্রণয়নের প্রয়োজন নাই। | শুদ্ধাচার প্রতিষ্ঠার ক্ষেত্রে অন্তরায় না থাকলেও সচেতনতা বৃদ্ধিমূলক সভা করার ও প্রশিক্ষণ প্রদানের সিদ্ধান্ত গ্রহণ করা হয়। | শুদ্ধাচার পুরস্কার প্রদান বিষয়ক বাছাই কমিটি। |

| ক্রমিক নং | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ০৩ | স্ব স্ব ওয়েবসাইটে শুদ্ধাচার সেবাবক্স হালনাগাদ করণ সংক্রান্ত। | ময়মনসিংহ কর অঞ্চলের মাঠ পর্যায়ের অফিস সমূহে শুদ্ধাচার বিষয়ক ওয়েবসাইট থাকবে যেখানে সকল বিষয়ে গাইডলাইন থাকবে এ বিষয়ে কর্মকর্তা ও কমচারীদের শুদ্ধাচারের বিষয়ে সদস্যগণ আলোচনা করেন। কমিটির সভাপতি, সদস্যবৃন্দ এ বিষয়ে সন্তোস প্রকাশ করেন। | শুদ্ধাচার প্রতিষ্ঠার ক্ষেত্রে সেবাবক্স নিয়মিত হালনাগাদ এবং মনিটরিং অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | সহকারী প্রোগ্রামার, কর অঞ্চল ময়মনসিংহ। |
| ০৪ | কর্মকর্তা-কর্মচারী বাছাই করার জন্য Criteria নির্ধারণ। | কর্মকর্তা ও কর্মচারীদের মধ্যে সততা, আচারণ,রীতি-নীতি, শিষ্টাচার, সময়ানুবর্তিতা, দায়িত্ব সচেতনতা ও পরিচ্ছন্নতাবোধ পরিচ্ছন্নতাবোধ ও স্বাস্থ্যবিধি পালনে সচেতনতা ইত্যাদি Criteria নির্ধারণ করা হয়। | শুদ্ধাচার পুস্কার প্রদান বিষয়ক বাছাই কমিটি পুরস্কার প্রদানের লক্ষ্যে কর্মকর্তা-কর্মচারী নির্বাচন করবে এ সিদ্ধান্ত গৃহীত হয়। | শুদ্ধাচার পুরস্কার প্রদান বিষয়ক বাছাই কমিটি। |
| ০৫ | শুদ্ধাচার চর্চার জন্য পুরস্কার প্রদান সংক্রান্ত। | শুদ্ধাচার বাস্তবায়নের জন্য কর্মকর্তা কর্মচারীদের নিয়মিত পুরস্কার প্রদান কার্যক্রম চলমান রাখার ব্যবস্থা করা। | কর্মকর্তা কর্মচারী বাছাই করার জন্য Criteria নির্ধারণ বিষয়ক সিদ্ধান্ত গৃহীত হয়। | শুদ্ধাচার পুরস্কার প্রদান বিষয়ক বাছাই কমিটি। |
| ০৬ | জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম পরিকল্পনা ও বাস্তবায়ন অগ্রগতি নিয়মিতভাবে পরিবীক্ষণ সংক্রান্ত। | জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম পরিকল্পনা সঠিকভাবে বাস্তবায়ন অগ্রগতি নিয়মিত পরিবীক্ষণ সংক্রান্ত সকল কার্যক্রম বাস্তবায়ানে কমিটির আহবায়ক ও সদস্যবৃন্দ সদা সচেষ্ট থাকবেন মর্মে মত প্রকাশ করা হয়। | জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম পরিকল্পনা ও বাস্তবায়ন অগ্রগতির প্রতিবেদন অভ্যন্তরীন সম্পদ বিভাগে প্রেরণ করার বিষয়ে আলোকপাত করা হয়। | শুদ্ধাচার পুরস্কার প্রদান বিষয়ক বাছাই কমিটি। |

সভায় অন্য কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্তি ঘোষণা করেন।

(সুকুমার সেনগুপ্ত)
কর কমিশনার (চ.দা.)
কর অঞ্চল-ময়মনসিংহ।
ফোনঃ ০৯১-৬৬১২৪ (পি.এ)
e-mail:ctmymensingh@gmail.com

নথি নং- ৪৯/কঅ-ম/নৈতিকতা ও শুদ্ধাচার/২০২১/২০২০-২০২১/ ৮০২(১-২) তারিখঃ ১৫/০৩/২০২১ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতিও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো:

১। সদস্য (কর প্রশাসন ও মানব সম্পদ ব্যবস্থাপনা), জাতীয় রাজস্ব বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা।
২। দ্বিতীয় সচিব (কর প্রশাসন-১), জাতীয় রাজস্ব বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা।
৩। সকল সদস্য, শুদ্ধাচার পুরস্কার প্রদান বিষয়ক বাছাই কমিটি, কর অঞ্চল-ময়মনসিংহ।
৪। অফিস কপি।

(সুকুমার সেনগুপ্ত)
কর কমিশনার (চ.দা.)
কর অঞ্চল-ময়মনসিংহ।
ফোনঃ ০৯১-৬৬১২৪ (পি.এ)
e-mail:ctmymensingh@gmail.com

D:\Amdad document\Office adesh\Staff Adesh (29-11-2018) ARZU.docx